



খত ৬৪২২৫০৬

চুক্তি নং-৪৬.১১৩.২০৫.০০.০০.২০/২২/১৩

তারিখ-০৬/০২/২০২৩

উপসচিব, কমন সার্ভিস বিভাগ, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, থানা তেজগাঁও, ঢাকা-১২১৫।

প্রথম পক্ষ:

জনাব মোঃ সৈয়দ আবু হাসনাত, মেসার্স সৈয়দ এন্টারপ্রাইজ, ৩৫/১ দিল্লী রোড নিউ ইস্কাটন, ঢাকা।

দ্বিতীয় পক্ষ:

ঢাকা ওয়াসা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিরাপত্তা ও গোয়েন্দা বিভাগে সদ্য নিয়োগপ্রাপ্ত চীফ সিকিউরিটি অফিসার কর্তৃক অফিসিয়াল কাজে ব্যবহারের জন্য দ্বিতীয় পক্ষের (মেসার্স সৈয়দ এন্টারপ্রাইজ) নিকট হতে মাসিক ৮০,০০০/- (আশি হাজার) টাকায় একটি কার গাড়ী ভাড়া করা হলো। নিচে আরোপিত শর্তসাপেক্ষে দ্বিতীয় পক্ষ সম্মত হওয়ায় অদ্য ০৬/০২/২০২৩ ইং তারিখে উভয় পক্ষের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হলো।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০



৳১০০

একশত টাকা

খথ ৬৪২২৫০৪

০১। মাসিক ৮০,০০০/- টাকা হিসেবে ৬ (ছয়) মাসে (৬x৮০,০০০)= ৪,৮০,০০০/- টাকায় ২৯/১১/২০২২ হতে ২৮/০৫/২০২৩ ইং তারিখ পর্যন্ত কার গাড়ীটি সরবরাহের জন্য ভাড়া চুক্তি করা হলো।

০২। অনুমোদন অনুযায়ী সরবরাহকৃত কার গাড়ীটি ২০১২ মডেল বা তার পরের মডেল হতে হবে। গাড়ীটি দৈনিক সকাল ৮টা হতে রাত ৮টা পর্যন্ত (শুক্রবার ব্যতিত) এবং মাসিক সর্বোচ্চ ২০০০ কিঃ মিঃ চালানো হবে যা নিরাপত্তা ও গোয়েন্দা বিভাগে নিয়োগপ্রাপ্ত চীফ সিকিউরিটি অফিসার এর দাপ্তরিক কাজে সরবরাহ করতে হবে।

০৩। গাড়ীটি শীতাতপ নিয়ন্ত্রিত (এসি) হতে হবে। সার্বক্ষণিক দ্বিতীয় পক্ষ (মালিক) কর্তৃক সচল অবস্থায় রাখতে হবে এবং গাড়ীটি নিরাপত্তা ও গোয়েন্দা বিভাগে নিয়োগপ্রাপ্ত চীফ সিকিউরিটি অফিসার এর নির্দেশনানুযায়ী ব্যবহৃত হবে।

০৪। গাড়ীটি কোন প্রকার যান্ত্রিক ত্রুটি দেখা দিলে দ্বিতীয় পক্ষকে (মালিক) তাৎক্ষণিক অনুরূপ একটি গাড়ীর ব্যবস্থা করতে হবে।

০৫। চুক্তির মেয়াদ কালীন গাড়ীটি ব্যবহারকারীর বলে গন্য হবে এবং গাড়ীটি পরিচালনার জন্য একজন দক্ষ ও লাইসেন্সপ্রাপ্ত চালক নিয়োগ দিতে হবে। গাড়ী চালকের নিকট একটি মোবাইল ফোন রাখতে হবে যাতে প্রয়োজনে ব্যবহারকারী গাড়ীচালকের সাথে সব সময় যোগাযোগ করতে পারেন।

০৬। গাড়ীর জন্য ইস্যুকৃত লগ বই যথাযথভাবে মেইনটেইন করতে হবে। গাড়ি সংক্রান্ত আপ-টু-ডেট দরকারী কাগজপত্র (রেজিস্ট্রেশন, ট্যাক্স টোকেন, ফিটনেস সার্টিফিকেট, ইন্স্যুরেন্স, রোড পারমিট ইত্যাদি) প্রয়োজনের সময় দাখিলের জন্য গাড়িতে সংরক্ষণ করতে হবে।


০৭। রাস্তায় গাড়ীটি চালানোর সময় চালকের ভুলের জন্য কোন সমস্যা দেখা দিলে দ্বিতীয় পক্ষকে (মালিক) এর দায় দায়িত্ব বহন করতে হবে এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করতে হবে।

০৮। নিরাপত্তা ও গোয়েন্দা বিভাগে নিয়োগপ্রাপ্ত চীফ সিকিউরিটি অফিসার এর অফিসিয়াল কাজের জন্য গাড়ীচালক সব সময় নিয়োজিত থাকবেন। গাড়ীর যাবতীয় খরচ যেমন : চালকের বেতন, জ্বালানী (গ্যাস, তৈল), সার্ভিসিংসহ আনুষঙ্গিক খরচ দ্বিতীয় পক্ষ (মালিক) বহন করবেন। দ্বিতীয় পক্ষকে (মালিক) নিজ দায়িত্বে ও নিজ খরচে গাড়ীটি গ্যারেজে রাখতে হবে।

০৯। ঢাকা ওয়াসার নিয়ন্ত্রনাধীন এলাকার মধ্যে গাড়ীটি ব্যবহার করা হবে। গাড়ীটির দুর্ঘটনা আইনগত যাবতীয় সমস্যার কোন দায়-দায়িত্ব ঢাকা ওয়াসা কর্তৃপক্ষ বহন করবে না, দ্বিতীয় পক্ষকে (মালিক) বহন করতে হবে।






১০। প্রতি মাসে সন্তোষজনকভাবে গাড়ীর সেবা প্রদানের ভিত্তিতে দ্বিতীয় পক্ষ (মালিক) পরবর্তী মাসের ৭(সাত) তারিখের মধ্যে বিল দাখিল করবেন এবং ব্যবহারকারীর সুপারিশ অনুযায়ী হিসাব বিভাগের মাধ্যমে বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”



খথ ৬৪২২৫০৫

আমরা উভয় পক্ষ উল্লেখকৃত শর্তাবলী পড়ে এর মর্ম উপলব্ধি করে বর্ণিত শর্তাবলী মেনে নিয়ে স্বৈচ্ছায়, স্বজ্ঞানে এবং অন্য কারো প্ররোচনা ব্যতিরেকে এই চুক্তিনামায় স্বাক্ষর করলাম।

প্রথম পক্ষ	দ্বিতীয় পক্ষ
 শেখ এনায়েত আব্দুল্লাহ উপসচিব কমন সার্ভিস বিভাগ ঢাকা ওয়াশা।	 মোঃ সৈয়দ আবু হাসনাত মেসার্স সৈয়দ এন্টারপ্রাইজ ৩৫/১ দিলু রোড, নিউ ইস্কাটন, ঢাকা।
সাক্ষী  মোঃ আনিছুর রহমান মন্ডল পরিবহন কর্মকর্তা পরিবহনপুল, ঢাকা ওয়াশা।	 মোঃ আনিছুর রহমান মন্ডল পরিবহনপুল, ঢাকা ওয়াশা।
 রোকেয়া সুলতানা হিসাব রক্ষক পরিবহনপুল, ঢাকা ওয়াশা।	

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”